

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৩০৯

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. সালাত সম্পাদনের পদ্ধতি - বিতরের কুনৃতে যা পড়তে হয়

আরবী

وَلِلْبَيْهَقِيِّ عَنِ ابْنِ عَبَّاسٍ _رَضِيَ اللَّهُ عَنْهُمَا: كَانَ رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم _ يُعَلِّمُنَا دُعَاءً نَدْعُو بِهِ فِي الْقُنُوتِ مِنْ صَلَاةِ الصَّبْحِ. وَفِي سَنَدِهِ ضَعَفٌ

ضعيف. رواه البيهقي (2/ 210)

বাংলা

৩০৯. বাইহাকীতে ইবনু 'আব্বাস (রাঃ) থেকে বর্ণিত হাদীস রয়েছে, তিনি বলেন- নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে দু'আ শিখিয়ে দিতেন, যার দ্বারা আমরা ফজরের কুনূতের সময় দু'আ করতাম। এর সানাদে দুর্বলতা রয়েছে।[1]

ফুটনোট

[1] বাইহাকী ২৯৬০, ৩২৬৬

ইবনু উসাইমিন শারহু বুলুগুল মারামে (২/১৪০) نَدْعُو بِهِ فِي صَكَرَةِ الصَّبْحِ الصَّبْحِ الصَّبْحِ অংশটুকুকে দুর্বল বলেছেন। তবে ফজরের স্বালাতে কুনৃত করতে নিষেধ সংক্রান্ত হাদীস গুলো বিশুদ্ধ নয়। আয যূয়াফা আল কাবীর লিল উকাইলী (৩/৩৬৭) গ্রন্থে উকাইলী বলেন, আর ইমাম বুখারী বলেছেন মুহাদ্দীসগণ তার হাদীস বর্জন করেছে। বায়হাকী সুনানে আল কুবরা (২/২/১৪) গ্রন্থে ফজরের স্বালাতে কুনৃত পড়া বিদআত সম্পর্কিত হাদীসটি সহীহ নয় বলে মন্তব্য করেছেন। কেননা এর সানাদে রয়েছে আবূ লায়লা আল কুফী, আর সে হচ্ছে মাতরুক। মিযানুল ই'তিদাল (৪/৫৬৬) গ্রন্থে ইমাম যাহাবী বলেন, ফজরের স্বালাতে কুনৃত পড়া বিদআত সম্পর্কিত হাদীসের এক জন রাবী আবূ লায়লাকে দুর্বল বলেছেন।



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন